# জেলা পরিষদ কার্যালয়
# ঝিনাইদহ

www.zpjhenaidah.gov.bd

৪৬.৪৪.৪৪০০.০০০.০০১.১১.০০০৭.০৮.১০৩

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩৩ বং
০৭ মে ২০২৬খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখার ২৮.০৪.২০২৬ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১০.১৯.৭৪৮ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক ঝিনাইদহ জেলা পরিষদের নিম্নলিখিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে লোক নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০ (গ্রড-১৬) | ১টি | ১৮-৩২ | উচ্চ মাধ্যমিক/সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং ইংরেজি প্রতি মিনিটে ৪০শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৩০শব্দ টাইপের যোগত্যা থাকতে হবে। |
| ২. | সার্ভেয়ার | ৯৩০০-২২৪৯০ (গ্রড-১৬) | ১টি | ১৮-৩২ | এসএসসি/সমমান পাশ এবং সার্ভে ইনস্টিটিউট হতে ৪ বছরের ডিপ্লোমা থাকতে হবে। |
| ৩. | জীপ চালক | ৯৩০০-২২৪৯০ (গ্রড-১৬) | ১টি | ১৮-৩২ | ৮ম শ্রেণী পাশ এবং হালকা যান চালনার পেশাদার বৈধ লাইসেন্স থাকতে হবে। ইংরেজী, বাংলা পড়ার সাধারণ জ্ঞান থাকতে হবে। |
| ৪. | ইলেকট্রিশিয়ান | ৯০০০-২১৮০০ (গ্রড-১৭) | ১টি | ১৮-৩২ | এসএসসি পাশ সহ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সনদপ্রাপ্ত হতে হবে। |
| ৫. | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ৮৮০০-২১৩১০ (গ্রড-১৮) | ১টি | ১৮-৩২ | এসএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ৬. | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০ (গ্রড-২০) | ১টি | ১৮-৩২ | এসএসসি/সমমান পাশ হতে হবে। |
| ৭. | সুইপার | ৮২৫০-২০০১০ (গ্রড-২০) | ১টি | ১৮-৩২ | সুস্থ্য দেহের অধিকারী হতে হবে। হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দেয়া হবে। |

<u>আবেদনের শর্তাবলী</u> ঃ

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। প্রার্থীর বয়স ০৪.০৬.২০২৬ খ্রি. তারিখে ১৮ হতে ৩২বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধিদের ক্ষেত্রেও বয়স ৩২বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. প্রার্থীকে নির্ধারিত ফরমে স্পষ্টভাবে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩. নির্ধারিত আবেদন ফরমটি জেলা পরিষদের ওয়েবসাইট www.zpjhenaidah.gov.bd ও জেলা পরিষদ কার্যালয়, ঝিনাইদহ হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহকে সম্বোধন করে ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আদেবনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে

৫. আবেদনের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবীযুক্ত স্পষ্ট সীল) কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৫X৫ সে.মি. সাইজের ৩(তিন) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্য) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র-কন্য হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, নির্দিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ সংযুক্ত করতে হবে।

৬. আবেদনপত্র আগামী ০৪.০৬.২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা পরিষদ, ঝিনাইদহে পৌছাতে হবে। বিলম্বে প্রেরিত আবেদনপত্র, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ঘষামাজা আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. প্রার্থী যদি বাংলাদেশের নাগরিক না হন, ফৌজদারী আদালত কর্তৃক দন্ডিত হন কিংবা কোন সরকারি প্রতিষ্ঠান হতে বরখাস্ত হন তবে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৮. আবেদনের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ সম্বোধন করে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে ০১নং হতে ০৪নং পদের জন্য ৫০০/-টাকা, ৫নং হতে ৭নং পদের জন্য ৩০০/- টাকার অফেরৎ যোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে।

৯. যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০(দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত(যে ঠিকানায় প্রবেশপত্র পেতে চান) ০১ (এক) টি ১০ইঞ্চি x ৪.৫ইঞ্চি ফেরত খাম প্রেরণ করতে হবে।

১০ সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত কোটা সম্পর্কিত নির্দেশনাবলী অনুসরণ করা হবে।

১১. মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২. চাকুরিরত প্রার্থীদের স্ব-স্ব বিভাগের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।

অপর পৃষ্ঠা দ্রঃ

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। এবিষয়ে কোন আপত্তি উথাপন করা যাবে না।

১৪. লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মোতাবেক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

১৬. আবেদনকারীকে অবশ্যই তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১৭. এছাড়াও কোন জিজ্ঞাসা থাকলে/জরুরী প্রয়োজনে সরাসরি জেলা পরিষদ, ঝিনাইদহে অথবা ০১৯৩৯-৩৩৮৬৩৪ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

স্বাক্ষরিত

মোঃ সেলিম রেজা পিএএ
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।
ফোনঃ ০২৪৭৭৭৪৭১৮৯
zpjhenaidah@yahoo.com

৪৬.৪৪.৪৪০০.০০০.০০১.১১.০০০৭.০৮.১০৩(১০০)

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩৩ বং
০৭ মে ২০২৬খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩। প্রশাসক, জেলা পরিষদ, ..........................................................(সকল)।
৪। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ..................................(সকল)।
৬। পুলিশ সুপার, ঝিনাইদহ।
৭। সিভিল সার্জন, ঝিনাইদহ।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/শৈলকুপা/হরিণাকুন্ডু/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর, ঝিনাইদহ।
১০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/জনস্বাস্থ্য/সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ, ঝিনাইদহ।
১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ।
১২। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
১৩। সহকারী পরিচালক, বিআরটিএ, ঝিনাইদহ।
১৪। জনাব শেখ লোকমান হোসেন, উচ্চমান সহকারী, জেলা পরিষদ, ঝিনাইদহ। তাঁকে বিজ্ঞাপনটি আবেদন ফরমসহ অত্র দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ।
১৫। ক) বিজ্ঞাপন ম্যানেজার, আজকের দৈনিক, ঢাকা এবং
খ) বিজ্ঞাপন ম্যানেজার, Daily Times of Bangladesh, Dhaka.
বিজ্ঞপ্তিটি ৮/৯ মে ২০২৬খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে(৪কলাম ৮ইঞ্চি) ০১দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত বিজ্ঞপ্তির ৪কপি সহ বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস নোটিশ বোর্ড।

০৭।০৫।২৬

মোঃ সেলিম রেজা পিএএ
উপসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝিনাইদহ।